

**GOVERNMENT OF TRIPURA
OFFICE OF THE DISTRICT MAGISTRATE & COLLECTOR
WEST TRIPURA, AGARTALA**

ফাইল নং — 4(7)/DWD/W/NREGS/.....

Dated 2007

বিজ্ঞপ্তি

পশ্চিম ত্রিপুরা জেলায় ১ লা এপ্রিল ২০০৭ ইং তারিখ থেকে এন.আর ই জি এস চালু হয়েছে। এই স্কীমের নিয়মানুযায়ী গ্রামীণ পরিবারের প্রাপ্ত বয়স্ক সদস্য/ সদস্যা যারা অদক্ষ কায়িক শ্রম করতে ইচ্ছুক এই ধরনের পরিবারের নাম নথীভুক্ত করা হচ্ছে। আগামী ১৭ই এপ্রিলের মধ্যে এসব পরিবারের সদস্য /সদস্যারা নাম নথীভুক্ত করবেন প্রথম পর্যায়ে। এই নথীভুক্ত পরিবারের সংখ্যা প্রাথমিক পর্যায়ে নিরূপণের জন্য এবং লেবার বাজেট তৈরী করার জন্য এই নিবন্ধীকরণ প্রক্রিয়া। নিবন্ধীকৃত পরিবার গুলোকে জব কার্ড সাময়িক কালের জন্য দেওয়া হবে কাজ চালানোর জন্য। সময় মত প্রতিটি নথীভুক্ত পরিবারের সকল আবেদনকারীদের নিয়ে যৌথ ফটো তুলে এবং পাঁচ বছরের জন্য জব কার্ড তৈরী করে পৌছে দেওয়া হবে। এই আইন চালু হওয়ার ফলে প্রতিটি পঞ্চায়তের /ভিলেজের কর্মপরিধি ও দায়িত্ব বেড়ে গেছে। কাজে ইচ্ছুক পরিবারকে কাজ দেওয়ার প্রক্রিয়া শুরু করতে হবে। কাজ দেওয়ার সময় সীমা নির্দিষ্ট থাকায় তড়িৎ গতিতে কাজের ওয়ার্ক অর্ডার ইস্যু এবং শ্রমদিবস সৃষ্টির প্রয়াস নিতে হবে।

কর্মসৃষ্টির জন্য নিম্নোক্ত কাজের ক্ষেত্রে বাছাই করে নিতে হবে।

১. জল সংরক্ষন ও জল সঞ্চয় :

ক) পুকুর খনন ও সংস্কার

খ) চেক বাঁধ তৈরী করে জল সংরক্ষন

গ) ভূগর্ভস্থ বাঁধ নির্মাণে, সেচ, স্বাস্থ্যবিধি ও পানীয় জলের জন্য উৎস সৃষ্টি।

ঘ) জলাশয়কে পলিমুক্ত করা, নুতন জলাশয় খনন ও পুনঃখনন, যৌথ পানীয় জলের উৎস যেমন বড়কুপ ও পাকা কুয়া নির্মাণ।

ঙ) তপশীল জীতি /উপজাতি, বি পি এল, ইন্দিরা আবাস উপভোক্তা এলটম্যান্ট উপভোক্তা, ইত্যাদি ব্যক্তিদের জমিতে উপরোক্ত কাজ নেওয়া।

২. খরা প্রতিরোধ ও বনায়ন :

ক) জল বিভাজিকার উন্নয়ন ,

খ) বন সৃজন ও রক্ষণোপণ

গ) রাবার বাগান

ঘ) নার্সারী তৈরী ও সংরক্ষণের ব্যবস্থা

ঙ) তপশীল জীতি /উপজাতি, বি পি এল, ইন্দিরা আবাস উপভোক্তা এলটম্যান্ট উপভোক্তা, ইত্যাদি ব্যক্তিদের জমিতে বনায়ন ও ফলের গাছ রোপণ

চ) কৃষি উৎপাদন বৃদ্ধি ও অন্যান্য কৃষি সহযোগী কার্যকলাপ

৩. ক্ষুদ্র ও ছোটোখাটো সেচের কাজ সহ সেচের খাল :

ক) কৃষি জমিতে সেচের জল পৌছাবার জন্য শাখা খাল ও মাঠের খাল খনন

খ) সেচ সেবিত এলাকা বাড়ানো

গ) সেচের জন্য প্রয়োজনীয় অন্যান্য স্থায়ী সম্পদ সৃষ্টি করা

ঘ) ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর, তপশীল জীতি /উপজাতি, বি পি এল, ইন্দিরা আবাস উপভোক্তা, এলটম্যান্ট উপভোক্তা

ইত্যাদি ব্যক্তিদের জমিতে সেচের ব্যবস্থা বাড়ানোর জন্য কাজ করা

৪. ভূমি উন্নয়ন :

ক) বিদ্যালয়ে , অঙ্গনাদী কেন্দ্রে, সমাজ শিক্ষা কেন্দ্রে মাঠ তৈরী ও উন্নয়ন , গ্রামীণ বাজার ও প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদের উন্নয়নে ভূমির উন্নয়ন ঘটানো ।

খ) ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর, তপশীল জাতি /উপজাতি, বি পি এল, ইন্দিরা আবাস উপভোক্তা, এলটম্যান্ট উপভোক্তা ইত্যাদি ব্যক্তিদের ভূমি উন্নয়ন করা।

৫. বন্যা নিয়ন্ত্রণ ও প্রতিরোধ মূলক কাজ :

ক) জলমগ্ন এলাকার নিকাশী ব্যবস্থা সহ (কাঁচা / পাকা) নালা তৈরী

৬. সব ঋতুর উপযোগী গ্রামীণ সড়ক যোগাযোগ ব্যবস্থা :

ক) গ্রামীণ এলাকার প্রতিটি পাড়ার সংগে উন্নত যোগাযোগ ব্যবস্থা তৈরী করা।

৭. গ্রামীণ এলাকার উন্নয়নে অঙ্গনওয়ারী গৃহ নির্মাণ , রান্না ঘর তৈরী, বিদ্যালয়ের ও অঙ্গনওয়ারী কেন্দ্রের জলের উৎস ও পঞ্চায়েত গৃহ নির্মাণ , সমষ্টি শৌচালয়, বাজার শেড, কালবার্ট ইত্যাদি কাজও করা যাবে ।

৮. এছাড়া বি পি এল পরিবার, চর্মকার , এস. সি/ এস.টি, সংখ্যা লঘু অংশের দুর্বলতর মানুষের জন্য, এলটমেন্ট প্রাপ্ত ও সীমান্ত বেড়ার জন্য ক্ষতিগ্রস্ত পরিবার , ইন্দিরা আবাসন গৃহের মতো গৃহ তৈরী করে দেওয়া যাবে । তবে ঘরগুলো এক জায়গায় গুচ্ছ আকারে তৈরী করতে হবে।

গ্রাম পঞ্চায়েত/ভিলেজে রেজিস্ট্রিকৃত পরিবারের সংখ্যা অনুযায়ী কমপক্ষে তিনমাসের জন্য অথবা পরিবার পিছু ৩০/৪০ শ্রমদিবস সৃষ্টিকারী প্রকল্প বাছাই করে টেকনিক্যাল অনুমোদনের জন্য ব্লকে পাঠাবেন। বেসীর ভাগ ক্ষেত্রে মডেল এস্টিমেট তৈরী করা ভাল। এই প্রকল্প বাছাইয়ের কাজ অবশ্যই ২০ শে এপ্রিল ২০০৭ এর মধ্য করে ব্লকে জমা দিতে হবে । নতুবা জবকার্ড দেবার পর কাজ দেওয়া সম্ভব হবেনা।

পরবর্তী সময়ে প্রকল্প নেবার পদ্ধতি নিয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হবে এবং বিশদ আলোচনা হবে। আপাতত: কাজ চালাবার জন্য কমপক্ষে ১৫/২০ টি প্রকল্প যা তিন মাসের জন্য বা পরিবার পিছু ৩০/৪০ শ্রমদিবস সুনিশ্চিত করবে তা তৈরী করতে হবে।

বিডিও মহোদয় গণ এই ব্যাপারে সচিব মহোদয়দেরকে সক্রিয় ভূমিকা পালন করতে বলবেন ।

প্রতি

ক.) ব্লকের বি ডি ও মহোদয়গন.

জেলাশাসক ও সমাহর্তা
পশ্চিম ত্রিপুরা

খ) নির্বাহী বাস্তবকার, গ্রামোন্নয়ন দপ্তর, পশ্চিম ত্রিপুরা

PROFORMA

Shelf of Projects underGP/Gram (NREGS)

Sl. No.	Name of Work	Name of Location	Estimated Cost	Mandays	Unskilled Wages	Material Cost	Skilled wages	Nature of work	whether community or individual(in case of individual specify)	Name of Implementing Agency. Village level / Intermediate level / Distt. level
1	2	3	4	5	6	7	8	9	10	11